



রাশিয়ার জন্য হরমুজ প্রণালি খোলা দাবি পুতিন উপদেষ্টার



হরমুজ প্রণালিতে রাশিয়ার জাহাজ। ছবি: সংগৃহীত

রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিনের উপদেষ্টা ইউরি উশাকভ জানিয়েছেন, বর্তমানে অধিকাংশ দেশের জাহাজ চলাচল সীমিত থাকলেও রাশিয়ার জন্য হরমুজ প্রণালি খোলা রয়েছে। বৃহস্পতিবার তিনি এ তথ্য নিশ্চিত করেন। তার ভাষায়, “আমাদের জাহাজের জন্য এই পথ এখনো উন্মুক্ত আছে।”

ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশনের (আইএমও) তথ্য অনুযায়ী, পরিস্থিতির কারণে প্রণালিটি কার্যত বন্ধ হয়ে যাওয়ায় প্রায় দুই হাজার জাহাজ পারস্য উপসাগরে আটকে পড়েছে। তবে ইরান, চীন, ভারত ও পাকিস্তান সংশ্লিষ্ট কিছু জাহাজ এখনো চলাচল করতে পারছে।

এর আগে রাশিয়া ও ইরানের পররাষ্ট্রমন্ত্রীদের মধ্যে টেলিফোনে আলোচনা হয়। সেই আলোচনার পরই উশাকভ বিষয়টি নিয়ে মন্তব্য করেন। রুশ পররাষ্ট্র মন্ত্রণালয় জানায়, হরমুজ প্রণালিতে নৌ-চলাচলের নিরাপত্তা নিশ্চিত করতে জাতিসংঘ নিরাপত্তা পরিষদে চলমান আলোচনাতেও দুই দেশ মতবিনিময় করেছে।

বিশ্বের জ্বালানি সরবরাহের অন্যতম গুরুত্বপূর্ণ রুট হরমুজ প্রণালিতে চলাচল বাধাগ্রস্ত হওয়ায় আন্তর্জাতিক বাণিজ্য ও জ্বালানি বাজারে নতুন করে চাপ তৈরি হয়েছে।

সূত্র: সিএনএন